

সিডিএফ/স্ট্যাটিসটিক্স/২০১৭-১৮/০৮০

তারিখ : আগস্ট ১৬, ২০১৮

নির্বাহী পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/পরিচালক
এমআএ সনদপ্রাপ্ত / সাময়িক সনদপ্রাপ্ত
সকল ক্ষুদ্র অর্থায়ন সংস্থা (এমএফআই)
বাংলাদেশ।

সিডিএফ-এর ঠিকানা :
বাড়ী # ১৩, রোড # ০৯, ব্লক # ডি
মনসুরাবাদ আবাসিক এলাকা
আদাবর, ঢাকা-১২০৭

বিষয় : Bangladesh Microfinance Statistics 2017-2018-এর জন্য তথ্য/উপাত্ত প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয় :

ক্রেডিট এ্যান্ড ডেভেলপমেন্ট ফোরাম (সিডিএফ)-এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা!

Bangladesh Microfinance Statistics 2016-2017 ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। উক্ত সংখ্যাটিতে বাংলাদেশের ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের তথ্যাদি উপস্থাপন করা হয়েছে। এ পরিসংখ্যান বইটি নিয়মিত প্রকাশে আপনাদের সহযোগিতার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

আপনারা অবগত আছেন যে, সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ বিভিন্ন সরকারি, বেসরকারি সংস্থা, ব্যাংক ও গবেষণা প্রতিষ্ঠান, ক্ষুদ্রঋণ সেक्टरের কার্যক্রম/অবদান পর্যালোচনা করে। এ কাজে Bangladesh Microfinance Statistics টিকে Source of reference হিসেবে ব্যবহার করে থাকে। বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থা এবং দেশেও এ Statistics টিকে reference হিসেবে ব্যবহার করা হয়ে থাকে। এ জন্য প্রতি অর্থ বছরের হাল-নাগাদ পরিসংখ্যান সম্বলিত অত্র বইটির গুরুত্ব ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে।

আপনাদের সুবিধার্থে প্রকাশনাটি অর্থ বছর ভিত্তিক প্রকাশিত হচ্ছে। এ বছরে প্রশ্নপত্রটি আরো তথ্যবহুল করা হয়েছে। ২০১৭-২০১৮ (জুলাই-জুন) বছরের Bangladesh Microfinance Statistics-এর জন্য আপ-ডেটেড প্রশ্নপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রশ্নপত্রটির যে সকল ক্রমিকে / কলামে বর্ণিত বিষয়-বস্তু বোঝাতে সমস্যা হতে পারে, কেবলমাত্র সেগুলোর ব্যাখ্যা সম্বলিত একটি নির্দেশিকা, প্রশ্নপত্রের পিছনে ৮ নং পাতায় উল্লেখ আছে। সংস্থার Audit Report এবং Financial Statement-এর সংশ্লিষ্ট তথ্যাদির সাথে সংগতি রেখে প্রশ্নপত্রটি (Hard Copy) পূরণ করে উপরের ঠিকানায় আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

প্রসঙ্গত: প্রশ্নপত্রটির একটি soft copy-ও আপনাদের নিকট প্রেরণ করা হয়েছে। এ ছাড়া সিডিএফ-এর website : www.cdfbd.org থেকেও প্রশ্নপত্র ডাউনলোড করা যেতে পারে। পূরণকৃত প্রশ্নপত্রের একপ্রস্থ soft copy সিডিএফ-এর নিম্ন বর্ণিত e-mail-এ প্রেরণ করা যেতে পারে।

সিডিএফ-এর ই-মেইল নম্বর : yunusalimiah@yahoo.com, bishnucdf@gmail.com, dircdf@agnionline.com.

প্রয়োজনে : ০১৭১১-২২১৫২৩ নম্বরে ফোন করুন।

গভীর শ্রদ্ধাসহ,



মোঃ আব্দুল আউয়াল
নির্বাহী পরিচালক, সিডিএফ

সংযুক্ত : একপ্রস্থ প্রশ্নমালা।